

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩৪৪৮

२৫/ ि विकि९मा (کتاب الطب)

পরিচ্ছেদঃ ২৫/৬. কালিজিরা

بَابِ الْحَبَّةُ السَّوْدَاءُ

আরবী

حَدَّثَنَا أَبُو سَلَمَةَ، يَحْيَى بْنُ خَلَفٍ حَدَّثَنَا أَبُو عَاصِمٍ، عَنْ عُثْمَانَ بْنِ عَبْدِ الْمَلِكِ، قَالَ سَمِعْتُ سَالِمَ بْنَ عَبْدِ اللَّهِ، يُحَدِّثُ عَنْ أَبِيهِ، أَنَّ رَسُولَ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ قَالَ " عَلَيْكُمْ بِهَذِهِ الْحَبَّةِ السَّوْدَاءِ فَإِنَّ فِيهَا شِفَاءً مِنْ كُلِّ دَاءٍ إِلاَّ السَّامَ " .

বাংলা

৩/৩৪৪৮। সালেম ইবনে আবদুল্লাহ (রাঃ) থেকে তার পিতার সূত্রে বর্ণিত। রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ অবশ্যই তোমরা এই কালো দানা ব্যবহার করবে। কেননা তাতে মৃত্যু ছাড়া সব রোগের নিরাময় রয়েছে।

English

It was narrated that 'Uthman bin 'Abdul-Malik said:

"I heard Salim bin 'Abdullah narrating from his father that the Messenger of Allah (ﷺ) said: 'You should eat this black seed, for in it there is healing from every disease, except the Sam (death).'"

ফুটনোট

হাদিসটি ইমাম ইবনু মাজাহ এককভাবে বর্ণনা করেছেন। সহীহাহ ৮৫৯, ৮৬৩। তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী উসমান বিন আবদুল মালিক সম্পর্কে আবু হাতিম আর-রাযী বলেন, তিনি কুফরী নয় এমন কওলী বা আমলী কোন ফিসক এর সাথে জড়িত। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি যাচাই-বাচাই ছাড়া হাদিস গ্রহন করেন ও তা বর্ণনা করেন। ইমাম যাহাবী বলেন, তার মাঝে দুর্বলতা রয়েছে।

উক্ত হাদিসটি সহীহ কিন্তু উসমান বিন আবদুল মালিক এর কারণে সানাদটি দুর্বল। হাদিসটির ১০৩ টি শাহিদ



হাদিস রয়েছে, ১৮ টি খুবই দুর্বল, ২৩ টি দুর্বল, ১৯ টি হাসান, ৪৩ টি সহীহ হাদিস পাওয়া যায়, তন্মধ্যে উল্লেখযোগ্য হলঃ বুখারী ৫৬৮৭, ৫৬৮৮, মুসলিম ২২১৭, ২২১৮, তিরমিযি ২০৪১, আহমাদ ৭২৪৫, ৭৫০৪, ৭৫৮২, ৮৩১২, ৮৮১৩, ২৭২৪৬, ২৪৬০৯, মু'জামুল আওসাত ১০৫, ৪৫৯৩, ৫২৮৩, শারহুস সুন্নাহ ৩২২৭, ৩২২৮।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন